দুনিয়াতে কোনো বান্দা যদি অপর কোনো বান্দার দোষ-ত্রুটি গোপন করে তাহলে কিয়ামতের দিন আল্লাহ তা‘আলা তার দোষ-ত্রুটি গোপন করবেন।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ সনদে বর্ণিত, “দুনিয়াতে কোনো বান্দা
যদি অপর কোনো বান্দার দোষ-ত্রুটি গোপন করে তাহলে কিয়ামতের দিন আল্লাহ তা‘আলা তার দোষ-ত্রুটি গোপন করবেন।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

যখন কোনো মুসলিম ভাই তার অপর ভাইয়ের কোনো অপরাধ-অন্যায় দেখে, তার ওপর ওয়াজিব হলো তা গোপন রাখা, মানুষের মাঝে তা প্রচার না করা। কারণ, এটি অশ্লীল কর্ম প্রচার করার অন্তর্ভুক্ত। আর যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে এ কাজটি করবে, আল্লাহর তা‘আলা অবশ্যই কিয়ামতের দিন তাকে বিনিময় দান করবেন, তার দোষ-ত্রুটি গোপন করবেন এবং সমস্ত মানুষের সামনে তাকে অপমান করবেন না।

https://sunnah.global/hadeeth/bn/show/3777